

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭৪১

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ এশার নামাযের পর কথাবার্তা বলা মাকরূহ

আরবী

عَنْ أَبِيْ بَرْزَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ كَانَ يَكرَهُ النَّومَ قَبْلَ العِشَاءِ وَالحَدِيثَ بَعْدَهَا متفقً عليه

## বাংলা

উদ্দেশ্য, যে সব কথাবার্তা অন্য সময়ে বলা মুবাহ (অর্থাৎ, যা করা না করা সমান)। নচেৎ যে সব কথাবার্তা অন্য সময়ে হারাম বা মাকরহ, সে সব এ সময়ে আরো অধিকভাবে হারাম ও মাকরহ। পক্ষান্তরে কল্যাণমূলক কথাবার্তা; যেমন জ্ঞানচর্চা, নেক লোকদের কাহিনী ও চরিত্র আলোচনা, মেহমানের সঙ্গে বাক্যালাপ, কারো প্রয়োজন পূরণ প্রসঙ্গে কথা ইত্যাদি বলা মকরহ নয়; বরং তা মুস্তাহাব। অনুরূপভাবে আকস্মিক কোন ঘটনাবশতঃ বা কোন সঠিক ওযরে কথা বলা অপছন্দনীয় কাজ নয়। উক্ত বিবৃতির সমর্থনে বহু বিশুদ্ধ হাদীস বিদ্যমান রয়েছে।

(৭৪১) আবূ বারযা (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এশার নামাযের আগে ঘুমানো এবং পরে কথাবার্তা বলা অপছন্দ করতেন।

## ফুটনোট

(বুখারী ৫৬৮, ৭৭১, মুসলিম ১৪৯৪-১৪৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু বার্যা আল-আসলামী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64489

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন